



শাহজালাল বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন  
শাবিপ্রবি, সিলেট।

স্মারক নং/ শাবিঅএ/কাঃনিঃ/২০১৯/

তারিখ: ১৭/০৯/২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

বিগত কয়েক বছরের প্রচেষ্টায় শাবি অফিসার্স এসোসিয়েশনের সম্মতিতে বর্তমান প্রশাসন শিক্ষক ও কর্মকর্তাদের জন্য প্রগতি লাইফ ইন্সুরেন্স এর সাথে স্বাস্থ্যবীমার জন্য চুক্তি সম্পাদন করে। চুক্তি সম্পাদিত হওয়া মাত্রই ইতোমধ্যে অনেক কর্মকর্তা চিকিৎসার জন্য সম্পূর্ণ ব্যয় উক্ত কোম্পানির মাধ্যমে পরিশোধ করা হয়েছে। এই স্বাস্থ্যবীমা না থাকলে তাদের পক্ষে চিকিৎসার ব্যয়ভার বহন করা প্রায় অসম্ভব ছিল। উল্লেখ্য বিগত ২৮ জুলাই, ২০১৯ তারিখে শাবি অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সভায় কর্মকর্তারা স্বতস্ফূর্তভাবে স্বাস্থ্যবীমা সুবিধা প্রচলন করার জন্য মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়কে সভা হতে সর্বসম্মতভাবে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। একই সাথে সভা হতে পারিবারিক স্বাস্থ্যবীমা চালু করার অনুরোধ জানানো হয়। এমতাবস্থায় আমরা উক্ত স্বাস্থ্যবীমা চালু এবং ভবিষ্যতে পারিবারিক স্বাস্থ্যবীমা চালু করার আশাবাদ ব্যক্ত করছি। বর্তমানে আমরা লক্ষ্য করছি বিশ্ববিদ্যালয়ের একটি স্বার্থান্বেষী মহল মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় কর্তৃক স্বাস্থ্যবীমা সংক্রান্ত এই মহতি উদ্যোগকে বিতর্কিত করার অপচেষ্টা করছে। আমরা তার নিন্দা জানাচ্ছি। স্বাস্থ্যবীমা নিয়ে স্বার্থান্বেষী মহলের এরূপ ষড়যন্ত্র সম্পর্কে সজাগ থাকার জন্য আমরা সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করছি।

(মোহাম্মদ মুর্শেদ আহমদ)  
সভাপতি  
শাবি অফিসার্স এসোসিয়েশন  
কার্যনির্বাহী কমিটি-২০১৯

(আবু সাদাৎ মোহাম্মদ সায়েম তালুকদার)  
সাধারণ সম্পাদক  
শাবি অফিসার্স এসোসিয়েশন  
কার্যনির্বাহী কমিটি-২০১৯

